# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং - ১৬(৬৯৩)/জাতীঃবিঃ/রেজিঃ/একাঃ/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/২০২১-২২/ ৫২৭০ তারিখ: ২৪/১১/২০২৪

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইটঃ(www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ও নির্বাচিত কলেজসমূহে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ২৫ নভেম্বর বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১১ ডিসেম্বর ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন আবেদন ফরম পূরণ করতে হবে এবং আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ১২ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

১। আবেদনের যোগ্যতা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর গ এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

২। অনলাইন আবেদনের নিয়মাবলী

ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নির্বাচিত কলেজসমূহে অধিভুক্ত প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন প্রার্থী আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Preli. Private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

গ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে (অনুচ্ছেদ-০৬ এ বর্ণিত তালিকা থেকে) তার রেজিস্ট্রেশন যোগ্য (Eligible) বিষয়ের নাম ও আসন সংখ্যা দেখতে পারবে এবং উক্ত তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত একটি বিষয়ের পছন্দ নির্ধারণ করতে হবে।

ঙ) আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb হতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ছ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত (যে শিক্ষাবর্ষে হোক না কেন) কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

জ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদনকারীকে তার আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Applicant Login (Masters Preli. Private) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। আবেদনকারী ছবি পরিবর্তনের সুযোগ কেবলমাত্র একবারই পাবে।

ঝ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকারনামার সত্যায়িত কপিসহ আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দিতে হবে। আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষক তারিখসহ স্বাক্ষর ও সীল দিয়ে আবেদনকারীকে ফেরত দিবেন।

৩। অনলাইন রেজিস্ট্রেশন আবেদনের সময়সূচি ও করণীয়

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখঃ | ২৫/১১/২০২৪ থেকে ১১/১২/২০২৪ |
| খ) | আবেদনকারীকে আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট কলেজ (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখঃ | ২৬/১১/২০২৪ থেকে ১২/১২/২০২৪ |
| গ) | কলেজ কর্তৃক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করার তারিখঃ<br>উল্লেখ্য যে, কলেজ কর্তৃপক্ষ যে সকল আবেদনকারীর আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে না, সে সকল আবেদনকারীকে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। | ২৬/১১/২০২৪ থেকে ১৫/১২/২০২৪ |
| ঘ) | কলেজ কর্তৃপক্ষকে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখঃ<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Masters Preli. Private) অপশনে ক্লিক করে দু'টি আলাদা Pay Slip ডাউনলোড করতে হবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন ফি (ভর্তি ফান্ড) ও রেজিস্ট্রেশন ফি খাতের সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে 0218100003245 ও 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ১৭/১২/২০২৪ থেকে ২৪/১২/২০২৪ |
| ঙ) | পত্রকোড এন্ট্রি<br>২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি দেয়ার তারিখঃ<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে College Login এর মাধ্যমে Paper Code Entry (Masters Preli. Private) অপশন থেকে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য সিলেবাস অনুসরণ করে বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি নিশ্চিত করতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পত্রকোড এন্ট্রি না দেয়া হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। | ১৯/১২/২০২৪ থেকে ১৫/০১/২০২৫ |

৪। বিষয় নির্বাচন ও রেজিস্ট্রেশন আবেদনের অন্যান্য শর্তাবলী

ক) অনুমোদিত বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী, ইসলামিক স্টাডিজ, সংস্কৃত, পালি, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং। উল্লেখ্য যে, অনুচ্ছেদ-০৬ এ বর্ণিত নির্বাচিত কলেজসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে উল্লিখিত বিষয়সমূহে অধিভুক্তি থাকলে শুধুমাত্র ঐ সকল বিষয়ে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে।

খ) স্নাতক (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা হবে।

গ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে বাংলা/ইংরেজি বিষয়ে আবেদনের ক্ষেত্রে স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

৫। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) সংশ্লিষ্ট কলেজকে ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের College (Postgraduate) Login অপশনে গিয়ে মাস্টার্স প্রোগ্রামের জন্য বরাদ্দকৃত User ID ও Password এন্ট্রি দিতে হবে। আবেদন ফরম নিশ্চয়নের সময় Click to Generate the Security key অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের রেজিস্ট্রেশন আবেদন নিশ্চয়ন করতে পারবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃপক্ষ যে সকল আবেদনকারীর আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে না, সে সকল আবেদনকারীকে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

খ) কলেজ কর্তৃপক্ষকে আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত আবেদনকারীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। সংশ্লিষ্ট কলেজকে দ্বৈত ভর্তি সম্পর্কিত আবেদনকারীর অঙ্গীকারনামার সত্যায়িত কপি অবশ্যই জমা রাখতে হবে। আবেদন ফরমে আবেদনকারীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে আবেদনকারীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিল করে পুনরায় আবেদন করার পরামর্শ দিতে হবে।

গ) কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না। ত্রুটিপূর্ণ ছবিসহ নিশ্চয়নকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি
কলেজ কর্তৃক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি দিতে হবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি দিতে হবে। রেজিস্ট্রেশন কার্ড ইস্যুর পর পত্রকোড পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

ঙ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফিসের হার নিম্নরূপঃ

আবেদন ফি

| | |
|---|---|
| i) শিক্ষার্থী প্রতি আবেদন ফি | = ৩০০/- (তিনশত) টাকা<br>[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০/- (দুইশত) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা] |

রেজিস্ট্রেশন ফি

| | |
|---|---|
| i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | = ৮০০/- (আটশত) টাকা |
| ii) শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি | = ২০০/- (দুইশত) টাকা |
| iii) শিক্ষার্থী প্রতি ভর্তি পুনঃবহাল ফি | = ২০০/- (দুইশত) টাকা |

৬ ।২০২১-২০২২ সালের প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য নির্বাচিত কলেজের তালিকা

| ক্রম | কলেজ কোড | কলেজের নাম | ক্রম | কলেজ কোড | কলেজের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | ০১০১ | সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট | ৩০. | ৪৩০৫ | হাজী মুহাম্মদ মহসীন কলেজ, চট্টগ্রাম |
| ২. | ০২০১ | সাতক্ষীরা সরকারি কলেজ | ৩১. | ৪৩০৬ | চট্টগ্রাম কমার্স কলেজ, চট্টগ্রাম |
| ৩. | ০৩২২ | সরকারি ব্রজলাল কলেজ, খুলনা | ৩২. | ৪৪০৭ | কক্সবাজার সিটি কলেজ |
| ৪. | ০৫০১ | সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর | ৩৩. | ৪৬০১ | রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি |
| ৫. | ১০০১ | কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া | ৩৪. | ৪৮০১ | নেত্রকোনা সরকারি কলেজ, নেত্রকোণা |
| ৬. | ১১০১ | সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল | ৩৫. | ৪৯০১ | গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ |
| ৭. | ১২০১ | সরকারি সোহরাওয়ার্দি কলেজ, পিরোজপুর | ৩৬. | ৫০০১ | সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর |
| ৮. | ১৪০১ | ভোলা সরকারি কলেজ | ৩৭. | ৫১০১ | শেরপুর সরকারি কলেজ, শেরপুর |
| ৯. | ১৫০১ | পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী | ৩৮. | ৫২০১ | আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ |
| ১০. | ১৬০১ | বরগুনা সরকারি কলেজ, বরগুনা | ৩৯. | ৫৩০১ | সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল |
| ১১. | ১৭০১ | সরকারি মুরারিচাঁদ কলেজ, সিলেট | ৪০. | ৫৪০১ | নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী |
| ১২. | ২০০১ | মৌলভীবাজার সরকারি কলেজ | ৪১. | ৫৫০১ | ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর |
| ১৩. | ২১০১ | সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা | ৪২. | ৫৫১১ | টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর |
| ১৪. | ২২০১ | সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ | ৪৩. | ৫৬০১ | সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ |
| ১৫. | ২৪০১ | নওগাঁ সরকারি কলেজ,নওগাঁ | ৪৪. | ৫৮০১ | সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ |
| ১৬. | ২৫০১ | রাজশাহী কলেজ, রাজশাহী | ৪৫. | ৫৯১২ | ডা. আবুল হোসেন কলেজ, রাজবাড়ি |
| ১৭. | ২৭০১ | সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া | ৪৬. | ৬০০১ | সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর |
| ১৮. | ২৯০৬ | হাতীবান্ধা আলিমুদ্দীন কলেজ, লালমনিরহাট | ৪৭. | ৬১০১ | সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ |
| ১৯. | ৩০০১ | কুড়িগ্রাম সরকারি কলেজ | ৪৮. | ৬২০৯ | শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর |
| ২০. | ৩১০১ | নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী | ৪৯. | ৬৩০১ | মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর |
| ২১. | ৩২০১ | কারমাইকেল কলেজ, রংপুর | ৫০. | ৬৪১০ | নিউ মডেল ডিগ্রী কলেজ, ঢাকা |
| ২২. | ৩৪০১ | দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর | ৫১. | ৬৪১৬ | সিদ্ধেশ্বরী কলেজ, ঢাকা |
| ২৩. | ৩৭০১ | ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা | ৫২. | ৬৪২২ | তেজগাঁও কলেজ, ঢাকা |
| ২৪. | ৩৮০১ | ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ | ৫৩. | ৬৪২৫ | শেখ বোরহানুদ্দিন কলেজ, ঢাকা |
| ২৫. | ৩৯০১ | চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর | ৫৪. | ৬৪৩৯ | আবুজর গিফারী কলেজ, ঢাকা |
| ২৬. | ৪০০১ | লক্ষীপুর সরকারি কলেজ, লক্ষীপুর | ৫৫. | ৬৪৪৭ | লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা |
| ২৭. | ৪১০১ | ফেনী সরকারি কলেজ, ফেনী | ৫৬. | ৬৪৫৮ | মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা |
| ২৮. | ৪২০১ | নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী | ৫৭. | ৬৪৫৯ | হাবীবুল্লাহ বাহার কলেজ, ঢাকা |
| ২৯. | ৪৩০১ | চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম | ৫৮. | ৬৪৮৬ | আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, ঢাকা |

৭। এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৪.১১.২০২৪

(অধ্যাপক ড. ফকির রফিকুল আলম)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল:*pgdeanoffice@gmail.com*

স্মারক নং - ১৬(৬৯৩)/জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/২০২১-২২/৫২৭০ তারিখ:২৪/১১/২০২৪

অনুলিপি ঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
২। পরিচালক, আইসিটি দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৩। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৪। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। সিনিয়র সিস্টেম এন্যালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮। অফিস কপি।

২৪/১১/২০২৪

(মোঃ শাহজামাল)
উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

©কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪